ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
ওয়াসা ভবন
৯৮,কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Website:www.dwasa.org.bd



স্মারক নং-৪৬.১১৩.২০৫.০০.০০.৩০/২৬-২৭ তারিখঃ ১২/০৮/২০২৬

তাগিদপত্র

অতীব জরুরি

সূত্র স্মারক নং-৪৬.১১৩.২০৫.০০.০০.২৩৯/২৫-২৬, তারিখঃ ১৬/০৬/২০২৬

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারক নং- ৪৬.১১৩.২০৫.০০.০০.২৩৯/২৫-২৬ এর প্রেক্ষিতে গত ১৬/০৬/২০২৬ তারিখের অফিস আদেশে কর্তৃপক্ষের কাজের স্বার্থে অত্র সংস্থা কর্তৃক দপ্তর/বিভাগ/জোন/প্রকল্পসমূহে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে বরাদ্দকৃত মোটরসাইকেল, গাড়ি, গাড়ি চালক, ভাড়ায় চালিত যানবাহন, ব্যক্তিগত গাড়ি ব্যবহার বাবদ ভাতা, ইত্যাদি গ্রহণ করছেন তাদের তথ্যাদি উক্ত অফিস আদেশের সাথে সংযুক্ত ছক মোতাবেক প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। জারিকৃত উক্ত অফিস আদেশ অনুযায়ী সংস্থার বেশির ভাগ দপ্তর/বিভাগ/জোন/প্রকল্প হতে প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ করা হলেও এখনো কিছু দপ্তর/বিভাগ/জোন/প্রকল্প হতে চাহিদা অনুযায়ী তথ্যাদি প্রেরণ করা হয়নি।

এমতাবস্থায়, এ তাগিদপত্র জারির তারিখ হতে পরবর্তী সাত (০৭) কর্মদিবসের মধ্যে সংযুক্ত অফিস আদেশে উল্লিখিত ছক মোতাবেক চাহিত প্রয়োজনীয় তথ্যাদি পরিবহন কর্মকর্তা, ঢাকা ওয়াসার নিকট প্রেরণ নিশ্চিত করার জন্য প্রকল্পসহ সংস্থার সকল অফিস/দপ্তর/বিভাগ/জোন সমূহের প্রধানগণকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়সীমার মধ্যে তথ্যাদি প্রেরণ করা না হলে পূর্বের অফিস আদেশানুযায়ী আগামী মাস হতে যানবাহন সংক্রান্ত ভাতাদি বন্ধ করে দেওয়ার নির্দেশনা রয়েছে।

কর্তৃপক্ষের কাজের স্বার্থে তাগিদপত্রটি জারি করা হলো।

স্বাক্ষরিত/-
মুহাম্মদ আবদুল হাই মিলটন
সচিব
ঢাকা ওয়াসা।
ফোন ঃ ৫৫০১২৪০৯

স্মারক নং-৪৬.১১৩.২০৫.০০.০০.৩০/২৬-২৭ তারিখঃ ১১/০৮/২০২৬

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ
০১। উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন/ওএন্ডএম/আরপিএন্ডডি/অর্থ) ঢাকা ওয়াসা।
০২। প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা।
০৩। বাণিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা ওয়াসা।
০৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আরপিইএন্ডডি), ঢাকা ওয়াসা।
০৫। তত্ত্বাবধায় প্রকৌশলী/ প্রকল্প পরিচালক..... ঢাকা ওয়াসা।
০৬। প্রধান রাজস্ব কর্মকর্তা/প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
০৭। নির্বাহী প্রকৌশলী/প্ল্যান্ট ম্যানেজার/ স্টাফ অফিসার,..... ঢাকা ওয়াসা।
০৮। সিনিয়র সিস্টেম এনাস্টি (এমআইএস এন্ড বিলিং/জিআইএস), কম্পিউটার সেন্টার, ঢাকা ওয়াসা।
০৯। উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা/ উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা / সিনিয়র মেডিক্যাল অফিসার, ঢাকা ওয়াসা।
১০। উপ-সচিব....., ঢাকা ওয়াসা।
১১। উপ-প্রধান নিরাপত্তা ও গোয়েন্দা কর্মকর্তা/ উপ-প্রধান (পরিকল্পনা)/ উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা.....ঢাকা ওয়াসা।
১২। আইন কর্মকর্তা/ ডেপুটি চীফ মাইক্রোবায়োলজিষ্ট,.....ঢাকা ওয়াসা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক এর ব্যক্তিগত সহকারী, ঢাকা ওয়াসা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। সচিব এর ব্যক্তিগত সহকারী, ঢাকা ওয়াসা (সচিব এর সদয় অবগতির জন্য)।
১৫। রেকর্ড কিপার/পিআইএমএস সেল, প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।
১৬। অফিস কপি।

১২/০৮/২০২৬
সচিব
ঢাকা ওয়াসা।